দৈনিক ইত্তেফাক

তারিখ FEB. 29 2000
পৃষ্ঠা ১ কলাম ২

# পরীক্ষার্থীর সংখ্যা ১১ লক্ষ ॥ ১৩ দিনে এসএসসি, ১১ দিনে দাখিল পরীক্ষা

রেজানুর রহমান ॥ আগামী ২রা মার্চ দেশের ৫টি শিক্ষা বোর্ডের ২০০০ সালের এসএসসি পরীক্ষা এবং ৪ঠা মার্চ মাদ্রাসা শিক্ষা বোর্ডের দাখিল পরীক্ষা শুরু হইবে। এই প্রথমবারের মত স্বল্প সময়ের মধ্যে এই পরীক্ষা সম্পন্ন করার প্রস্তুতি গ্রহণ করা হইয়াছে। মাত্র ১৩ দিনের ব্যবধানে এসএসসি এবং ১১ দিনের ব্যবধানে দাখিল পরীক্ষা গ্রহণ করা হইবে। এসএসসি ও দাখিল পরীক্ষায় এইবার সারাদেশে প্রায় ১১ লক্ষ পরীক্ষার্থী অংশগ্রহণ করিবে। ৫টি শিক্ষা বোর্ডে এসএসসি পরীক্ষার্থীর সংখ্যা প্রায় সাড়ে ৯ লক্ষ। তন্মধ্যে রাজশাহী শিক্ষা বোর্ডে ২ লক্ষ ৭২ হাজার ৭৩২, ঢাকা বোর্ডে ২ লক্ষ ৬২ হাজার ৪৯৫, কুমিল্লা বোর্ডে ১ লক্ষ ৫২ হাজার ৮৩৮, যশোর বোর্ডে ১ লক্ষ ৬৬ হাজার ৯৮৭ এবং চট্টগ্রাম বোর্ডে ৭৪ হাজার ৬৬৯ জন পরীক্ষার্থী রহিয়াছে। মাদ্রাসা শিক্ষা বোর্ডের দাখিল পরীক্ষায় সারাদেশে ১ লক্ষ ৪০ হাজার পরীক্ষার্থী অংশগ্রহণ করিবে।

পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সকল প্রস্তুতি গ্রহণ করা হইয়াছে। পরীক্ষায় নকল প্রতিরোধের লক্ষ্যে বোর্ড ও শিক্ষা মন্ত্রণালয়ের বিশেষ টীম বিভিন্ন কেন্দ্রে তৎপর থাকিবে। যদি কোন কেন্দ্রে নকল ও হাঙ্গামার ঘটনা (২য় পৃষ্ঠায় ৫-এর কঃ দ্রঃ)

## এসএসসি

(১ম পৃঃ পর)

ঘটে তাহা হইলে তাৎক্ষণিকভাবে কেন্দ্র বাতিল করিয়া পার্শ্ববর্তী কেন্দ্রে পরবর্তী পরীক্ষা গ্রহণ করা হইবে।

২রা মার্চ এসএসসি পরীক্ষার প্রথম দিনে ইংরেজী প্রথম পত্রের পরীক্ষা গ্রহণ করা হইবে। ১৫ই মার্চ এসএসসি'র লিখিত পরীক্ষা শেষ হইবে। ঈদের পর ২৭শে মার্চ হইতে ৩১শে মার্চের মধ্যে এসএসসি'র ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হইবে। মাদ্রাসা শিক্ষা বোর্ডের দাখিল পরীক্ষা ৪ঠা মার্চ শুরু হইয়া ১৫ই মার্চ শেষ হইবে। এসএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে রাজশাহী শিক্ষা বোর্ড বিভিন্ন জেলায় ৬৫টি ভিজিল্যান্স টীম গঠন করিয়াছে। পরীক্ষা চলাকালে দেশের সকল কেন্দ্রের চারিদিকে দুই শত গজের মধ্যে ১৪৪ ধারা বলবৎ থাকিবে। পরীক্ষা সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ছাড়া অন্য কাহাকেও কেন্দ্রে ঢুকিতে দেওয়া হইবে না।

ঢাকা বোর্ডের একটি সূত্র জানায়, এইবার পরীক্ষায় নকল প্রতিরোধের লক্ষ্যে স্থানীয় জনপ্রতিনিধিদের সহযোগিতা কামনা করা হইয়াছে।

এদিকে এসএসসি পরীক্ষার্থীদের সময়মত পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হওয়ার সুবিধার্থে যানবাহন চলাচলে সংশ্লিষ্ট সকল মহলের সহযোগিতা কামনা করিয়া বাংলাদেশ সড়ক পরিবহন সমিতি গতকাল এক বিবৃতি প্রদান করিয়াছেন।

**রাজশাহী অফিস** ॥ গতকাল রাজশাহী শিক্ষা বোর্ডের পরীক্ষাসমূহের নিয়ন্ত্রক প্রফেসর মনসুর রহমান জানান, এবার বিভিন্ন জেলায় পরীক্ষা কেন্দ্র পর্যবেক্ষণের জন্য সরকারী ও বেসরকারী কলেজের শিক্ষকদের সমন্বয়ে ৬৫টি ভিজিল্যান্স টীম গঠন করা হইয়াছে। বোর্ডের নিজস্ব টীম গঠন করা হইয়াছে ২০টি। ইহা ছাড়া বোর্ডের চেয়ারম্যান, পরীক্ষাসমূহের নিয়ন্ত্রক ও সচিব বিভিন্ন জেলার পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করিবেন। পরীক্ষাসমূহের নিয়ন্ত্রক জানান, পরীক্ষা গ্রহণের সব প্রস্তুতি সম্পন্ন হইয়াছে। জেলা প্রশাসকদের কাছে পরীক্ষা চলাকালীন সময়ে কেন্দ্রের চারিদিকে ১৪৪ ধারা জারি ও পরীক্ষা কেন্দ্রের কাছাকাছি সকল ফটোস্ট্যাট মেশিন বন্ধ রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান হইয়াছে।